

3 (Sem-1) BEN M 1

2 0 1 8

BENGALI

(Major)

Paper : 1.1

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×১০=১০

(ক) কালকেতুর গৃহ নির্মাণ করে দেবার জন্য দেবী চণ্ডী কাকে নির্দেশ দিয়েছিলেন ?

(খ) গুজুরাতে প্রজা আনয়নের জন্য দেবী চণ্ডী কোন্ নগরে প্রলয়ংকরী বন্যা সৃষ্টি করেছিলেন ?

(গ) ফুল্লরার সইয়ের নাম কী ?

(ঘ) কালকেতুকে খাওয়ানোর জন্য ফুল্লরা কীসের বদলে 'দধি এক হাঁড়ি' এনেছিল ?

১. কাঁচাকলা

২. হরিণী

৩. মাংস

৪. বাঘছাল

(শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

(2)

(ঙ) “হুক হুক করি কান্দে বানর মর্কট।” ‘মর্কট’ শব্দের অর্থ কী ?

(চ) “শুনিলি বিজয়া জয়া বুড়াটির বোল।
আমি যদি বলি তবে হবে _____ ॥”
(শূন্যস্থান পূর্ণ করো)

(ছ) “গুণের নাহিক সীমা রূপ ততোধিক।
বয়সে না দেখি গাছ পাথর বন্দীক ॥”
‘বন্দীক’ শব্দের অর্থ কি ?

(জ) “সবে বলে ব্যাস তুমি বড় লক্ষ্মীছাড়া।
অন্ন উড়ি যায় তুমি যাহ যেই পাড়া ॥”
কে কাশীতে ব্যাসের অন্ন নিষিদ্ধ করেছিলেন ?

(ঝ) “অভিমানে সমুদ্রেতে ঝাঁপ দিলা ভাই।” ‘ভাই’ বলতে কাকে বোঝানো হয়েছে ?

(ঞ) ভারতচন্দ্র কোন্ রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) কালকেতুর রাজ্য স্থাপনের লক্ষ্যে বনকর্তনের জন্য আগত বেরুনিয়াদের দু’জন দলপতির নাম উল্লেখ করো।

(খ) দেবীর নির্দেশে কে কে মিলে কালকেতুর পুরী নির্মাণ করেছিলেন ?

(গ) “সোনা-রূপা নহে বাপা এ বেঙ্গা পিঙ্গল।” কে, কোন্ জিনিস সম্বন্ধে এ মন্তব্য করেছিল ?

- (ঘ) “আমার আছিল বাছা পাঁচটি বদন ।
এক মাথা কাটিয়া লইল পঞ্চানন ॥”
‘পঞ্চানন’ কে ? তিনি কার একটি মাথা কেটে নিয়েছিলেন ?
- (ঙ) বসুন্ধর মর্ত্যে জন্মলাভ করে কী নামে পরিচিত হয়েছিলেন ?
মর্ত্য জীবনে তাঁর স্ত্রীর নাম কী হয়েছিল ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন দুটি) : $৫ \times ২ = ১০$

- (ক) কালকেতু-ফুল্লরার সংসার জীবন কীভাবে শুরু হয়েছিল তা
‘কালকেতুর স্বদেশে গমন’ অংশ অবলম্বনে উল্লেখ করো ।
- (খ) কালকেতুর ভোজন পর্বের একটি বর্ণনা প্রস্তুত করো ।
- (গ) “এমন শুনিয়া বীর ভাণুর বচন ।
লাঘব করিয়া তারে দিল বিসর্জন ॥”
ভাঁড়ুদত্তের সঙ্গে কালকেতুর দ্বন্দ্ব শুরু হয়েছিল কেন ? এর
পরিণাম কী হয়েছিল ?

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন দুটি) : $৫ \times ২ = ১০$

- (ক) ‘অন্নদামঙ্গল’ কাব্যের ‘রতি বিলাপ’ অংশে রতি কীভাবে
বিলাপ করেছেন, লেখো ।
- (খ) ঈশ্বরী পাটনীকে অন্নপূর্ণা যে আত্মপরিচয় দিয়েছিলেন তা
সংক্ষেপে লেখো ।
- (গ) ব্যাখ্যা করো :
“যে হৌক সে হৌক আরো করিব যতন ।
মন্ত্রের সাধন কিম্বা শরীর পাতন ॥

৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন দুটি) : ১০×২=২০

- (ক) মুকুন্দরাম চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ‘কালকেতু উপাখ্যান’-এ প্রতিফলিত সমাজচিত্র সম্বন্ধে আলোচনা করো।
- (খ) ‘ভাঁড়ুদত্ত’ চরিত্রটি বিশ্লেষণ করো।
- (গ) ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের কালকেতু আখ্যানে বর্ণিত পৌরাণিক প্রসঙ্গ কোনগুলো? কালকেতু কাহিনিতে এই প্রসঙ্গগুলোর তাৎপর্য বিশ্লেষণ করো।
- (ঘ) কলিঙ্গরাজের সঙ্গে কালকেতুর যুদ্ধের কারণ, বিবরণ এবং পরিণাম বর্ণনা করো।

৬। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন দুটি) : ১০×২=২০

- (ক) “যে হৌক সে হৌক ভাষা কাব্যরস লয়ে।” কবির এই মন্তব্যের আলোকে ‘অন্নদামঙ্গল’-এর ভাষা এবং কাব্যসৌন্দর্য বর্ণনা করো।
- (খ) “ভারতচন্দ্রের হাতে দেবতা হয়েছে মানুষ।” মন্তব্যটি উপযুক্ত উদাহরণসহ বিচার করো।
- (গ) ‘অন্নদামঙ্গল’ কাব্যের ‘গ্রহসূচনা’ অংশে ঐতিহাসিক কাহিনির যে উল্লেখ পাওয়া যায় তার তাৎপর্য আলোচনা করো।
- (ঘ) ‘অন্নদামঙ্গল’ কাব্যে হর ও গৌরীর বিবাদের কারণ এবং পরিণতির একটি বিবরণ দাও।
